



## ট্রানজিটে ঢাকায় এলেন ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে



ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে। ছবি: সংগৃহীত

ট্রানজিট যাত্রায় ঢাকায় পৌঁছেছেন ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে। শুক্রবার (১৮ সেপ্টেম্বর) দুপুর ১টা ৫৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন তিনি।

ভুটানের প্রধানমন্ত্রীর এই সংক্ষিপ্ত যাত্রাবিরতিতে তাকে স্বাগত জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী ড. আবদুল মঈন খান এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১ হুমায়ুন কবির।

জানা গেছে, ঢাকায় প্রায় পৌনে এক ঘণ্টা অবস্থান করবেন শেরিং তোবগে। বিমানবন্দরের আনুষ্ঠানিকতা শেষে একটি চার্টার্ড ফ্লাইটে জার্মানির উদ্দেশে ঢাকা ছাড়ার কথা রয়েছে তাঁর।

LENS ASIA